

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৮৫

১৫/ হজ্জ (الحج)

পরিচ্ছেদঃ ১৫/৩৫. নবী ﷺ—এর উমরাহ আদায়ের সংখ্যা এবং তা আদায় করার সময়ের বর্ণনা।

بيان عدد عمر النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وزمانهن

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ وَعَائِشَةَ عَنْ مُجَاهِدٍ، قَالَ: دَخَلْتُ أَنَا وَعُرْوَةُ بْنُ الزُّبِيرِ الْمَسْجِدَ، فَإِذَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ، جَالِسٌ إِلَى حُجْرَةِ عَائِشَةَ، وَإِذَا نَاسٌ يُصَلِّونَ فِي الْمَسْجِدِ صَلَاةَ الضُّحَىِ قَالَ: فَسَأَلْنَاهُ عَنْ صَلَاةِهِمْ؛ فَقَالَ: بِدُعَةٍ ثُمَّ قَالَ لَهُ: كَمْ اعْتَمَرْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَرْبَعَ إِحْدَاهُنَّ فِي رَجَبٍ فَكَرِهْنَا أَنْ نَرْدَ عَلَيْهِ قَالَ: وَسَمِعْنَا اسْتِنَانَ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ فِي الْحُجْرَةِ، فَقَالَ عُرْوَةُ: يَا أُمَّا، يَا أُمَّ الْمُؤْمِنِينَ أَلَا تَسْمَعِينَ مَا يَقُولُ أَبُو عَبْدِ الرَّحْمَنِ قَالَتْ: مَا يَقُولُ؟ يَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، اعْتَمَرَ أَرْبَعَ عُمُرَاتٍ إِحْدَاهُنَّ فِي رَجَبٍ، قَالَتْ: يَرْحَمُ اللَّهُ أَبَا عَبْدِ الرَّحْمَنِ، مَا اعْتَمَرَ عُمْرَةً إِلَّا وَهُوَ شَاهِدُهُ، وَمَا اعْتَمَرَ فِي رَجَبٍ قَطُّ

বাংলা

৭৮৫. মুজাহিদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ও উরওয়াহ বিন যুবাইর উম্মুল মুমিনীন 'আয়িশাহ (রাঃ)-এর হজরার ভিতর হতে তাঁর মিসওয়াক করার আওয়াজ শুনতে পেলাম। তখন 'উরওয়াহ (রহঃ) বললেন, হে আস্মাজান, হে উম্মুল মুমিনীন! আবু 'আবদুর রহমান কী বলছেন, আপনি কি শুনেননি? 'আয়িশাহ (রাঃ) বললেন, তিনি কী বলছেন? 'উরওয়াহ (রহঃ) বললেন, তিনি বলছেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চারবার 'উমরাহ আদায় করেছেন। এর মধ্যে একটি রজব মাসে। 'আয়িশাহ (রাঃ) বললেন, আবু আবদুর রহমানের প্রতি আল্লাহ রহম করুন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন কোন উমরাহ আদায় করেননি যে, তিনি তাঁর সঙ্গে ছিলেন না। কিন্তু আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রজব মাসে কখনো 'উমরাহ আদায় করেননি।

ফুটনোট

সহীল বুখারী, পর্ব ২৬: উমরাহ, অধ্যায় ৩, হাঃ ১৭৭৬; মুসলিম, পর্ব ১৫ হাজ, অধ্যায় ৩৫, হাঃ ১২৫৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84013>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন